দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 MAY 1991

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

227

# 'বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধের চেতনাকে ক্ষুণ্ণ করিয়াছে'

(ইত্তেফাক রিপোর্ট)

ক্যাম্পাসে জামায়াত নেতা মাওলানা মতিউর রহমান নিজামীর আগমনের প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল (মঙ্গলবার)

( ১১শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

(১ম পৃঃ পর)

কলা ভবনে পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে। অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রলীগ (আ-অ) আয়োজিত ছাত্র সভায় বক্তাগণ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সন্ত্রাস প্রতিরোধের নামে সকল গণতান্ত্রিক রাজনৈতিক সংগঠনের জাতীয় নেতৃবৃন্দকে আমন্ত্রণের সময় '৭১-এর মহান মুক্তিযুদ্ধের চিহ্নিত ঘাতক জামায়াত নেতা 'খুনী' মতিউর রহমান নিজামীকে আমন্ত্রণ জানাইয়া সম্মানিত জাতীয় নেতৃবৃন্দের ভাবমূর্তিকে এবং মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ক্ষুণ্ণ করিয়াছে। সভায় বলা হয়, মতিউর রহমান নিজামী ক্যাম্পাসের পবিত্র অঙ্গনে প্রবেশের কারণে বিশ্ববিদ্যালয়ের সংগ্রামী ছাত্রসমাজ শান্তিপূর্ণভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করায় সংসদ সদস্য আমান উল্লাহ আমান, ছাত্রনেতা খায়রুল কবীর খোকন যেভাবে কটাক্ষ করিয়াছেন তাহা জামায়াত-শিবিরের সাম্প্রদায়িক রাজনীতিকে উৎসাহিত করিবে। সভায় ছাত্রসমাজের ১০ দফা দাবী বাস্তবায়নের আহ্বান জানান হয়। গোলাম মোস্তফা সুজন, কামরুজ্জামান আনসারী সভায় বক্তৃতা করেন।

মধুর কেন্টিনের সম্মুখে ছাত্রলীগ (না-শ) আয়োজিত ছাত্রসভায় রোকনুজ্জামান রোকন, জাতীয় ছাত্রলীগের সভায় পংকজ নাথ বক্তৃতা করেন। ডাকসু ভবনের সম্মুখে ছাত্র মৈত্রী আয়োজিত ছাত্র সভায় সাংগঠনের নব নির্বাচিত সভাপতি নুর আহমেদ বকুল বক্তৃতা করেন।

মধুর কেন্টিনের সম্মুখে জাতীয় ছাত্রলীগ আয়োজিত ছাত্র সভায় বক্তাগণ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাজাকারের আগমন একাত্তরের শহীদদের রক্তের সহিত বেঈমানিরই শামিল। কামাল হোসেন ও পংকজ নাথ সভায় বক্তৃতা করেন।

### ভিসি সকাশে

৫টি ছাত্র সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কেন্দ্রীয় নেতৃবৃন্দ গতকাল (মঙ্গলবার) ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সহিত দেখা করিয়া সোমবার ক্যাম্পাসে সংঘটিত ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত কমিটি গঠনের তীব্র প্রতিবাদ জানাইয়াছে। ছাত্রনেতৃবৃন্দ ভিসিকে বলেন, ৭১'এর একজন 'খুনী' ক্যাম্পাসে প্রবেশ করায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র সমাজ ঐক্যবদ্ধ প্রতিরোধ করিয়াছে। কাজেই এ ব্যাপারে তদন্ত কমিটি গঠনের কোন প্রয়োজন নাই। জানা যায়, ভিসি তাহাদের উত্তর দিয়াছেন নিজামীর উপর হামলার ঘটনা নয়, ভিসির অফিসে-ভাঙচুরের ঘটনা তদন্তের জন্য তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। এই সময় ছাত্রলীগের (আ-অ) গোলাম মোস্তফা সুজন, জাতীয় ছাত্রলীগের পংকজনাথ, ছাত্রমৈত্রীর শিমুল, ছাত্রলীগের (না-শ) রোকনুজ্জামান রোকন, ছাত্র ইউনিয়নের সুনীল দাস উপস্থিত ছিলেন।